নাগরিক সম্মেলন ২০১৭

বাংলাদেশে
এসডিজি বাস্তবায়ন

কাউকে পেছনে রাখা যাবে না

৬ ডিসেম্বর ২০১৭

Citizen's Platform for SDGs, Bangladesh
এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ

সমান্তরাল অধিবেশন (১)

অর্থনৈতিক প্রসঙ্গ

কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ, ঢাকা

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনের ক্ষেত্রে চ্যালেঞ্জ ও করণীয়

গোল-১

টেকসই উন্নয়ন Afxó -১

সব দেশ থেকে সব ধরনের দারিদ্র্য দূরীকরণ

১. পৃথিবীর সর্বত্র চরম দারিদ্র্যকে একেবারে শূন্যের কোঠায় নামিয়ে আনা।

২. নারী-পুরুষ-শিশু নির্বিশেষে যারা যে ধরনের দারিদ্র্যের মধ্যেই থাকুক না কেন, তাদের সংখ্যা অর্ধেকে নামিয়ে আনা।

৩. দেশের উপযোগী সামাজিক সুরক্ষা কর্মসূচি নেওয়া; যাতে দরিদ্র ও ঝুঁকির মধ্যে থাকা মানুষের অবস্থার উল্লেখযোগ্য উন্নতি ঘটে।

৪. সব দরিদ্র ও ঝুঁকির মধ্যে থাকা মানুষের জন্য অর্থনৈতিক কর্মকাণ্ড, মৌলিক সেবাসমূহ, জমির মালিকানা ও নিয়ন্ত্রণ, প্রাকৃতিক সম্পদ, নতুন প্রযুক্তি, ক্ষুদ্র ঋণসহ আর্থিক সেবায় সমান অধিকার নিশ্চিত করা।

৫. দরিদ্র ও ঝুঁকির মধ্যে থাকা মানুষদের আর্থ-সামাজিক, জলবায়ু ও পরিবেশগত বিপর্যয় এবং দুর্যোগজনিত অভিঘাত থেকে রক্ষা করা।

১.ক বিভিন্ন উৎস থেকে পর্যাপ্ত পরিমাণে সম্পদ আহরণ নিশ্চিত করা; যাতে এসডিজি অর্জনের নীতিমালা ও কর্মসূচি বাস্তবায়নে সহায়তা করা যায়।

১.খ জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে দরিদ্রমুখী ও নারী-পুরুষের সমতাভিত্তিক উন্নয়ন কৌশল ও সুসমন্বিত নীতি-কাঠামো প্রণয়ন।

চ্যালেঞ্জসমূহ

- পর্যাপ্ত সম্পদ নিশ্চিতকরণ (আর্থিক এবং অর্থ–বহির্ভুত)
  - এসডিজি ১ অর্জন করার জন্য ২০৩০ সালের মধ্যে ২৪.৩৩ বিলিয়ন টাকা প্রয়োজন
- প্রাসঙ্গিক তথ্য–উপাত্ত (ডাটা)–এর সহজলভ্যতা
- জাতীয় উন্নয়ন পরিকল্পনায় এসডিজি লক্ষ্যের সঙ্গে সম্পর্কিত অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রতিফলন নিশ্চিত করা
- অংশীদারত্ব তৈরি, সম্ভাব্য অংশীদার নির্বাচন, সম্ভাব্য এলাকায় সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়োজিত করার ব্যাপারে সুনির্দিষ্ট ছকের (ম্যাপিং) অভাব

চ্যালেঞ্জ: সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির বরাদ্দ

কল্যাণমূলক খাত–সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির বাজেট বরাদ্দ যখন ধারাবাহিকভাবে কমে তখন কিছু কিছু ক্ষেত্রে অতিদরিদ্র মানুষের সংখ্যা বৃদ্ধি পায়

- জাতীয়ভাবে অতিদরিদ্র জনসংখ্যা হ্রাস পেয়েছে, কিন্তু কিছু কিছু ক্ষেত্রে অতিদ্ররিদ্রের সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

  রংপুর বিভাগে অতিদরিদ্রের সংখ্যা ২৭.৭% থেকে ৩০.৫% বৃদ্ধি পেয়েছে।

- সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির বাজেট জিডিপির প্রায় ২%-এ স্থির রয়েছে, তবে যখন সরকারি পেনশনের উপর অধিক গুরুত্বারোপ করা হয়, তখন সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির বাজেট হ্রাস পেতে পারে।





চ্যালেঞ্জ: বাছাই প্রক্রিয়া

- সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির জন্য লক্ষ্যমাত্রা খুব দুর্বল

  - অগ্রাধিকার নির্ধারণে ত্রুটি (অন্তর্ভুক্তির ক্ষেত্রে বড় ধরনের ত্রুটি) ৫২% উত্তরদাতার মতে নির্বাচন প্রক্রিয়া সঠিক ছিল না (মহিউদ্দিন ২০১৩)

  - বয়স্কভাতা প্রদানের ক্ষেত্রে ত্রুটিপূর্ণ (অর্থাৎ যথাযথ ব্যক্তিদের না দিয়ে অন্যদের দেয়া) অন্তর্ভুক্তি ঘটেছে ৩০% এবং কোথাও কোথাও এর চেয়ে বেশি (শরিফা বেগম, বিআইডিএস)

দারিদ্র্য নিরসনে ৪১টি পরিমাপকের মধ্যে ১৫টির তথ্য–উপাত্ত সহজলভ্য

লক্ষ্য	সহজলভ্য (১৫)	আংশিক পাওয়া যায় (২১)	পাওয়া যায় না (৫)
	১.২ (১.২.১), ১.৫ (১.৫.১), ১এ (১এ.১, ১এ.২), ১বি (১.বি.১)	১.১, ১.২ (১.২.২), ১.৩, ১.৪ (১.৪.১), ১.৫ (১.৫.২, ১.৫.৩)	১.৪ (১.৪.২)
	৮.১ (৮.১.১), ৮.৩ (৮.৩.১), ৮.৯ (৮.৯.১), ৮.১০ (৮.১০.১), ৮বি	৮.২ (৮.২.১), ৮.৫ (৮.৫.১, ৮.৫.২) ৮.৬, ৮.৭, ৮.৮ (৮.৮.১), ৮.৯ (৮.৯.২), ৮.১০ (৮.১০.২), ৮এ	৮.৪, ৮.৮ (৮.৮.২)
	৯.২, ৯.৩, ৯বি	৯.১ (৯.১.১), ৯.৪, ৯.৫, ৯এ	৯.১ (৯.১.২)

যে সব পরিমাপকের তথ্য–উপাত্ত পাওয়া যায়নি

১.৪.২ মৌলিক সেবা সুবিধাভোগী খানায় বসবাসকারী জনসংখ্যার অনুপাত লিঙ্গ ও ভোগ দখলের ধরন অনুযায়ী নিরাপদ দখলি স্বত্ব সহ বৈধ দলিলের অধিকারী এবং জমিতে যাদের নিরঙ্কুশ অধিকার আছে বলে মনে করে এমন (এমন উপলব্ধিসম্পন্ন) মোট বয়স্ক জনসংখ্যা অনুপাত;

৮.৪.১ ম্যাটেরিয়াল ফুটপ্রিন্ট, মাথাপিছু ম্যাটেরিয়াল ফুটপ্রিন্ট এবং জিডিপি প্রতি ম্যাটেরিয়াল ফুটপ্রিন্ট;

৮.৪.২ দেশজ বস্তুগত ভোগ, মাথাপিছু দেশজ বস্তুগত ভোগ এবং জিডিপি প্রতি দেশজ বস্তুগত ভোগ;

৮.৮.২ লিঙ্গ ও অভিবাসীর অবস্থান ভেদে আন্তর্জাতিক শ্রম সংস্থার সংজ্ঞানুযায়ী ও জাতীয় বিধি–বিধানের ভিত্তিতে শ্রম অধিকার (সংগঠিত হবার ও যৌথ দরকষাকষির স্বাধীনতা) দানে জাতীয় শোভন কর্মপরিবেশ (কমপ্লায়েন্স) বৃদ্ধি;

৯.১.২ পরিবহণের ধরন অনুযায়ী যাত্রী ও মালামাল পরিবহণের পরিমাণ

আইনি বাধা

- বিদ্যমান শ্রম আইনে যেমন বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২-এ বাধা এবং দুর্বলতা। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনানুষ্ঠানিক খাতের শ্রমিকদের অধিকারকে অন্তর্ভুক্ত করে না। যাইহোক, শ্রম কল্যাণ ফাউন্ডেশন অ্যাক্ট, ২০০৬ পরিষ্কারভাবে অনানুষ্ঠানিক খাতের সংজ্ঞা প্রদান করা হয়েছে কিন্তু অনানুষ্ঠানিক খাতের সুরক্ষা অন্তর্ভুক্ত করা হয়নি।
- দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২, হাওর এলাকার জনগণের বিপদগুলোকে যথযাথভাবে চিহ্নিত করা হয়নি। অধিকন্তু, এই আইনে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার ক্ষেত্রে কিছু ফাঁক–ফোকর রয়ে গেছে। যেমন–দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির অন্তর্ভুক্ত হয়নি।
- সম–মজুরি এবং যথাযথ কাজের পরিবেশ নিশ্চিতকরণে কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

উপরন্তু বঞ্চিত জনগোষ্ঠী যেমন–দলিত, ট্রান্সজেন্ডার এবং আদিবাসীদের সুরক্ষা ও অধিকার প্রতিষ্ঠায় তেমন কোনও সুনির্দিষ্ট আইন নেই।

সুপারিশ

- সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়নে অগ্রাধিকার নির্ধারণ করা।
- অংশগ্রহণের ভিত্তিতে সরকারি পেনশন ব্যবস্থা চালু করা এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির জন্য বরাদ্দ বাজেটের পূর্ণ ব্যবহার নিশ্চিত করা।
- সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়নের জন্য বিভিন্ন বেসরকারি সংস্থা (এনজিও) এবং ও নাগরিক সমাজকে অন্তর্ভুক্ত করা।
- এসডিজি ১–এর অগ্রগতি পর্যবেক্ষণের জন্য জাতীয় পর্যায়ে একটি পূর্ণাঙ্গ ডাটাবেজ তৈরি
- তথ্য–উপাত্তের মধ্যে অসংগতি দূর ও পূর্ণাঙ্গ ডাটাবেজ তৈরির জন্য বিভিন্ন শিক্ষা, গবেষণা প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং সিএসও নাগরিক সমাজকে অন্তর্ভুক্ত করা

ধন্যবাদ